দৈনিক ইত্তেফাক

তারিখ 08 MAR 2016
পৃষ্ঠা ১৭ কলাম ২

# ৮৯৬ স্কুলকে শো-কজ করলো রাজশাহী শিক্ষা বোর্ড

■ স্টাফ রিপোর্টার, রাজশাহী

এসএসসি'র ফরম পূরণে আদায় করা অতিরিক্ত অর্থ নির্ধারিত সময়ে শিক্ষার্থীদের ফেরত না দেয়ায় অধীনস্থ ৮৯৬টি স্কুলকে শোকজ করেছে রাজশাহী শিক্ষাবোর্ড। শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক সামশুল কালাম আজাদ এ তথ্য নিশ্চিত করেছেন। শিক্ষাবোর্ড সূত্র জানায়, মন্ত্রণালয়ের নির্দেশে রাজশাহী শিক্ষাবোর্ডের অধীন যে সকল স্কুল এসএসসি পরীক্ষায় বোর্ডের নির্ধারিত ফি'র অতিরিক্ত অর্থ আদায় করেছে, কিন্তু টাকা ফেরত দেয়নি তার তথ্য ১৫ ফেব্রুয়ারির মধ্যে শিক্ষা মন্ত্রণালয়ে জমা দেয়ার নির্দেশ দিয়েছে। এ সংক্রান্ত একটি প্রতিবেদন ইতোমধ্যে শিক্ষাবোর্ড থেকে মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। ওই প্রতিবেদনে বলা হয়, অধীন ১ হাজার ৬৩১টি স্কুলের মধ্যে ১ হাজার ৩১১টিই এসএসসি'র ফরম পূরণে অতিরিক্ত অর্থ আদায় করেছে। এরমধ্যে মাত্র ৯৫টি স্কুল মন্ত্রণালয়ের নির্দেশনা মত নির্ধারিত সময়ের মধ্যে আদায় করা অতিরিক্ত অর্থ ফেরত দিয়েছে। কিন্তু ৮৯৬টি স্কুল মন্ত্রণালয়ের নির্দেশ আমলে না নিয়ে অতিরিক্ত অর্থ এখনো ফেরত দেয়নি। এ সংখ্যা রাজশাহীর মোহনপুর উপজেলায় ৪৭টি, পবায় ৭৪টি, বাঘায় ৬১টি, চারঘাটে ৫২টি, পুঠিয়ায় ৪১টি, দুর্গাপুরে ৫৯টি, বাগমারায় ১৪৬টি, তানোরে ৯০টি এবং গোদাগাড়ীর ৯৩টি এবং রাজশাহী মহানগরীর ১৫টি। এছাড়া চাঁপাইনবাবগঞ্জ জেলায় ৩৪২টি, নাটোরে ১০৫টি, নওগাঁয় ১৪৮টি, জয়পুরহাটে ৩১টি, পাবনায় ২৩টি, সিরাজগঞ্জে ৫৫টি এবং বগুড়ায় ৭টি স্কুল এসএসসির ফরম পূরণে 'কোচিং ও উন্নয়নের' নামে অতিরিক্ত অর্থ আদায় করেছে।

রাজশাহী বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক সামশুল কালাম আজাদ বলেন, নির্ধারিত সময়ের মধ্যে অতিরিক্ত অর্থ ফেরত না দেয়ায় বোর্ডের ৮৯৬টি স্কুলকে কারণ দর্শানোর নোটিস পাঠানো হয়েছে। জবাব সন্তোষজনক না হলে মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ওইসব স্কুলের প্রধান শিক্ষকদের এমপিও স্থগিত এবং ম্যানেজিং কমিটি ভেঙে দেয়া হবে।